

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৭৭৪

৭/ সিয়াম বা রোযা (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৭/৬১. ই'তিকাফকারী মসজিদের একটি স্থান নির্ধারণ করে নিবে।

بَابِ فِي الْمُعْتَكِفِ يَلْزَمُ مَكَانًا مِنْ الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى حَدَّثَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ عَنْ عِيسَى بْنِ عُمَرَ بْنِ مُمَر بْنِ مُمَر عُنْ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ إِذَا اعْتَكَفَ طُرِحَ لَهُ فِرَاشُهُ أَقْ يُوضَعُ لَهُ سَرِيرُهُ وَرَاءَ أُسْطُوانَةِ التَّوْبَةِ

বাংলা

২/১৭৭৪। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি ইতিকাফের ইচ্ছা করলে তার জন্য উসতুওয়ানায়ে তাওবা''-এর পেছনে তাঁর বিছানা দেয়া হতো অথবা তাঁর খাট রাখা হতো।

English

It was narrated from Ibn 'Umar that:

When the Prophet (ﷺ) observed I'tikaf, his bedding would be spread for him, or his bed would be placed there for him, behind the Pillar or Repentance.

ফুটনোট

তা'লীক সহীহ ইবনু খুযাইমাহ ২২৩৬।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী নু'আয়ম বিন হাম্মাদ সম্পর্কে আল-আজলী সিকাহ বলেছেন। ইবনু হিবানে বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ ও ভুল করেন। মুসলিম বিন কাসিম বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি কিছু হাদিসের ব্যাপারে বিপরীত হাদিস বর্ণনা করেছেন। আবু বিশর আদ দাওলানী বলেন, তিনি দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস গ্রহনের ব্যাপারে শিথিল। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায়অধিক ভুল করেন।(তাহযীবুল কামালঃ রাবী নং



৬৪৫১, ২৯/৪৬৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন